গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
চট্টগ্রাম কেন্দ্র।

নং-১৫.৫৪.১৫০০.০৪২.৪৩.২৯২.২১.৩৮২

তারিখঃ ১৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | : | ৩০.০৩.২০২৩ |
| স্থান | : | সভাকক্ষ |
| সময় | : | দুপুর ২.০০টা |
| সভাপতি | : | জনাব নূর আনোয়ার হোসেন, জেনারেল ম্যানেজার (চ: দা:), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি তাঁর পরিচয় প্রদান করেন এবং সকলকে পরিচয় প্রদানের অনুরোধ করেন। সকলে তাঁদের স্ব-স্ব পরিচয় প্রদান করেন এবং দীর্ঘদিন পর এ ধরণের সভার আয়োজন করায় সম্মানীত অংশীজনগণ কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

- **জনাব এম.এ ফয়েজ ভূঁইয়া, বীর মুক্তিযোদ্ধা ও অনুষ্ঠান সংগঠক:** জনাব এম.এ ফয়েজ জেনারেল ম্যানেজার-কে ধন্যবাদ জানিয়ে বলেন যে, অনুষ্ঠানের কার্যক্রম আরো বিকেন্দ্রীকরণ করা উচিৎ। এতে স্বচ্ছতা ও জবাবদিহিতা সুনিশ্চিত হবে। একই সাথে দর্শক জরিপের মাধ্যমে অনুষ্ঠান নির্মাণ করা প্রয়োজন।

- **জনাব সুজিত রায়, সংগীত শিল্পী ও সংগীত পরিচালক, স্বাধীন বাংলা বেতার:** জনাব সুজিত রায় চট্টগ্রাম কেন্দ্রের উন্নয়ন ও সম্প্রতি গৃহীত ভালো উদ্যোগে সন্তুষ্টি প্রকাশ করে বলেন, অধিকাংশ ক্ষেত্রে অনুষ্ঠানের সেট নির্মাণে দেরি হওয়ায় আমন্ত্রিত শিল্পীদের দীর্ঘক্ষণ অপেক্ষা করতে হয়। তাই অনুষ্ঠানের সেট নির্মাণ ও লাইট সংশ্লিষ্ট কার্যাদি যথাসময়ে সম্পন্ন করার প্রতি গুরুত্বারোপ করেন।

- **জনাব শেখ শহীদুল আনোয়ার, সংগীত শিল্পী, সংগীত পরিচালক এবং সভাপতি, চট্টগ্রাম বেতার ও টেলিভিশন শিল্পী সংস্থা:** জনাব শেখ শহীদুল আনোয়ার সভাপতিকে ধন্যবাদ জানিয়ে চট্টগ্রাম কেন্দ্রের মাল্টিপারপাস বিল্ডিং নির্মাণাধীন থাকায় সন্তুষ্টি প্রকাশ করেন। কেন্দ্রের উন্নয়নে জেনারেল ম্যানেজার-এর উদ্যোগকে প্রসংশনীয় বলে উল্লেখ করেন। তিনি বিটিভি, চট্টগ্রাম কেন্দ্রের স্বার্থে মানসম্মত অনুষ্ঠানের পরিমাণ ও সময় বৃদ্ধির প্রতি গুরুত্বারোপ করেন। চট্টগ্রাম কেন্দ্রে সাউন্ড সিস্টেম ও সাউন্ড ইঞ্জিনিয়ার নিয়োগ করা যায় কি না তার জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেন।

- **জনাব সাইফুল আলম বাবু, নাট্য শিল্পী:** জনাব সাইফুল আলম বাবু সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, বিটিভি, চট্টগ্রাম কেন্দ্রকে এগিয়ে নিয়ে যাওয়া শুধুমাত্র জেনারেল ম্যানেজার-এর একার দায়িত্ব নয়, সকলের সম্মিলিত প্রচেষ্টায় এ কেন্দ্রকে এগিয়ে নিতে হবে। এ লক্ষ্যে চট্টগ্রাম কেন্দ্রের সকল সমস্যা সমাধান এবং অগ্রযাত্রায় তাঁর এবং সকলের সহযোগীতা অব্যাহত থাকবে। অনুষ্ঠানের মান উন্নত করতে স্টুডিও এবং ক্যামেরার সংখ্যা বৃদ্ধি, ভালো মানের অনুষ্ঠানের সময় বাড়ানো, খারাপ অনুষ্ঠান প্রচার না করা, কেন্দ্রের অভ্যন্তরের সৌন্দর্য বাড়ানো, যাতে বহি:দৃশ্যে আরো বেশি অনুষ্ঠান ধারণ করা যায়। লেকে সাম্পান/নৌকার ব্যবস্থা করা, চট্টগ্রাম কেন্দ্রে চট্টগ্রামসহ আশপাশের জেলা (কুমিল্লা, ফেনী, নোয়াখালী) থেকেও শিল্পীদের অংশগ্রহণের সুযোগ দান, নাটকের শিল্পীদের অডিশনের ব্যবস্থা করা, চট্টগ্রামের শিল্পী গোষ্ঠীদের মধ্যহতে ভালো মানের শিল্পী নির্বাচন করে অনুষ্ঠান ধারণের পরামর্শ প্রদান করেন।

- **জনাব কামরুল হাসান বাদল, উপস্থাপক:** জনাব কামরুল হাসান বাদল সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, যে স্বল্প সুবিধা নিয়ে বিটিভি চট্টগ্রাম কেন্দ্রে ২৪ ঘন্টা চলমান রয়েছে তার জন্য কর্তৃপক্ষকে সাধুবাদ জানান। একটি পরিপূর্ণ কেন্দ্র হিসেবে চট্টগ্রাম কেন্দ্রের যাবতীয় সুবিধা নিশ্চিত করার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর দৃষ্টি আকর্ষণের পরামর্শ প্রদান করেন। তিনি বিটিভি চট্টগ্রামের অগ্রযাত্রায় যে আন্তরিকতা ও সম্মানের সাথে এ ধরণের একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে সেজন্য কর্তৃপক্ষকে আন্তরিকভাবে ধন্যবাদ জানান।

➢ **জনাব শুভ্রা সেনগুপ্তা, নৃত্য শিল্পী:** জনাব শুভ্রা সেনগুপ্তা বলেন, চট্টগ্রামে নৃত্য শিল্প সংস্থার ১১টি দল আছে। কয়েকটি দল অনুষ্ঠান করে এবং অন্যান্য দলগুলো অনুষ্ঠান পাচ্ছে না মর্মে মতামত ব্যক্ত করেন। তাই মানসম্মত সকল দলকে অনুষ্ঠানের সুযোগ দেয়ার জন্য অনুরোধ জানান। বিষয়টি জেনারেল ম্যানেজার গুরুত্বের সাথে বিবেচনা করবেন মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি নৃত্য অনুষ্ঠানের জন্য অডিশন গ্রহণ এবং পূর্বের ন্যায় "এসো নাচ শিখি" অনুষ্ঠানটি পুনরায় চালু করার পরামর্শ দেন;

➢ **জনাব ডা: বিদ্যুৎ বড়ুয়া, উপস্থাপক:** বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের জেনারেল ম্যানেজারসহ সকলকে শুভেচ্ছা জানিয়ে চট্টগ্রাম কেন্দ্রের ভালো মানের নিয়মিত অনুষ্ঠানগুলোর প্রোমো প্রচার করার উপর গুরুত্বারোপ করতে হবে। তিনি বলেন মানসম্মত অনুষ্ঠান নির্মাণ হলে সারা দেশের মানুষ দেখবে। তিনি আরো বলেন দর্শকদের সরাসরি অংশগ্রহণে "আপনার ডাক্তার" অনুষ্ঠানটি বেশ প্রশংসা পাচ্ছে এবং দেশের বিভিন্ন প্রান্ত থেকে দর্শকগণ ফোনের মাধ্যমে সরাসরি অংশগ্রহণ করে থাকেন। সুতরাং আরো ভালো অনুষ্ঠান নির্মাণের জন্য পরামর্শ প্রদান করেন;

➢ **জনাব খালেদ মাহমুদ তানভির, পরিচালক, সায়োনিজ এ্যাপারেলস:** জনাব খালেদ মাহমুদ তানভির বলেন, অনুমোদিত ও বুকিংকৃত বিজ্ঞাপনগুলো নির্ধারিত সময়ে প্রচার করা উচিৎ। তদুপরি প্রচার সম্ভব না হলে বিজ্ঞাপন দাতাকে অবহিতকরণের জন্য অনুরোধ জানান;

➢ **জনাব ইকবালুর রহমান, চিটাগাং মাল্টি চ্যানেল লি: (CMCL):** জনাব ইকবালুর রহমান এ ধরণের সভা আয়োজনের জন্য জেনারেল ম্যানেজার-কে ধন্যবাদ জানিয়ে বলেন, কেবল অপারেটর প্রতিষ্ঠানগুলোই সরকারের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম জনগণের নিকট পৌঁছে দিচ্ছে। এ ক্ষেত্রে বাংলাদেশ টেলিভিশন থেকে প্রযুক্তিগত লজিস্টিক সাপোর্ট পেলে আরো স্বল্প সময়ে জনগণের দোরগোরায় সেবার মান পৌঁছে দেয়া সম্ভব হবে। পরবর্তীতে সকল কেবল অপারেটর/ফিড অপারেটরদের সমন্বয়ে এ ধরণের সভা আয়োজনের জন্য তিনি সভাপতিকে অনুরোধ জানান।

➢ **জনাব জুবাইদা গুলশান আরা, বাংলা সংবাদ পাঠিকা:** জনাব জুবাইদা গুলশান আরা সকলকে শুভেচ্ছা জানিয়ে সভায় তাঁর পরামর্শ তুলে ধরেন। তিনি জানান সংবাদ বুলেটিন সংখ্যা বাড়ানো এবং সংবাদ টেলিকাস্ট করে তা সোশ্যাল মিডিয়ায় দেয়া হলে পরবর্তীতে সংবাদ উপস্থাপকগণ তাঁদের ভুলত্রুটি শুধরে নিতে পারবেন। সংবাদের জন্য আলাদা মেকাপ আর্টিস্ট ও মেকাপ সামগ্রী এবং ওয়াশরুমের ব্যবস্থা করা প্রয়োজন মর্মে জানান। তিনি নিউজবুথকে আরো আধুনিকায়ন করার পরামর্শ প্রদান করেন।

➢ **জনাব কাজী মাহফুজুল হক, বাংলা সংবাদ পাঠক:** জনাব কাজী মাহফুজুল হক জানান, পার্বত্য চট্টগ্রামের বিভিন্ন নান্দনিক স্থানের অনেক সংবাদ দেখানো হচ্ছে। এসকল সংবাদ ইউটিউব ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করলে সে অঞ্চলের মানুষসহ দেশের সব প্রান্তের দর্শকগণ এই নান্দনিক স্থানসমূহ সম্পর্কে অবহিত হবেন বলে তিনি জানান।

০২। এছাড়া উপস্থিত অন্যান্য অংশীজনগণ এ ধরণের সভা আয়োজন করায় জেনারেল ম্যানেজারকে ধন্যবাদ জানিয়ে চট্টগ্রাম কেন্দ্রের নান্দনিক অনুষ্ঠান নির্মাণ ও প্রচার এবং কেন্দ্রের সার্বিক উন্নয়ন ও ভালো উদ্যোগে সাথে থাকার প্রত্যয় ব্যক্ত করেন।

## জেনারেল ম্যানেজার-এর সমাপনী বক্তব্য ও সিদ্ধান্ত

সভাপতি উপস্থিত সকল অংশীজনদের বক্তব্য/পরামর্শের জন্য কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানিয়ে তাঁদের মতামতকে গুরুত্বের সাথে বিবেচনা করে নিম্নবর্ণিত কার্যক্রম/সিদ্ধান্ত তুলে ধরেন:

১) বিটিভি, চট্টগ্রাম কেন্দ্র সরকারের একটি অতি গুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় গণমাধ্যম। তিনি চট্টগ্রাম কেন্দ্রের জেনারেল ম্যানেজার হিসেবে দায়িত্বভার গ্রহণ পরবর্তী সকল শাখার সমস্যাদি চিহ্নিত করে সে মোতাবেক সমস্যা সমাধানে কাজ করে যাচ্ছেন। তিনি আরো অবহিত করেন যে, চট্টগ্রাম কেন্দ্রের সকল শাখার সাথে সমন্বয় ও সমস্যা সমাধানের জন্য প্রতিদিন সকাল ১০.০০টায় জেনারেল ম্যানেজার-এর অফিস কক্ষে চা চক্রে নিত্য দিনের সমস্যাগুলো চিহ্নিত ও আলোচনার মাধ্যমে সমাধানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অনুষ্ঠান ও সংবাদসহ সার্বিক উন্নয়নে সকল ধরণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়।

২) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক অডিশন গ্রেডেশন ও পুন:মূল্যায়ন নীতিমালা চূড়ান্ত হলে বিভিন্ন বিষয়ে অডিশন, গ্রেডেশন ও পুন:মূল্যায়ন কার্যক্রম শুরু করা হবে মর্মে জেনারেল ম্যানেজার জানান। পূর্বের ন্যায় শীঘ্রই নৃত্য শিক্ষার অনুষ্ঠান "এসো নাচ শিখি" চালু করা হবে।

৩) বাংলাদেশ টেলিভিশনে দেশব্যাপী নতুন প্রতিভা অন্বেষণের জন্য জাতীয় শিশু-কিশোর প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা "নবস্পন্দন" শীঘ্রই শুরু করতে যাচ্ছে। প্রতিযোগিতায় দেশব্যাপী অভিনয় ও নৃত্য বিষয়ক অনুষ্ঠান চট্টগ্রাম থেকে পরিচালনা করা হবে;

৪) বিটিভি, চট্টগ্রাম কেন্দ্রে বিজ্ঞাপন প্রচারের সংখ্যা বৃদ্ধির জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করা হয়। ইতিমধ্যে বিটিভি চট্টগ্রাম কেন্দ্রে সন্ধ্যা ০৭.০০ টায় বাণিজ্য সংবাদ চালু এবং বিজ্ঞাপন প্রচার শুরু হয়েছে। বিজ্ঞাপন প্রচারে বিভিন্ন বিজ্ঞাপন এজেন্সীসহ সকলের সহযোগীতা কামনা করেন;

৫) বিটিভি, চট্টগ্রাম কেন্দ্রে ভালো মানের অনুষ্ঠানের প্রোমো নির্মাণ ও প্রচারের জন্য ইতিমধ্যে সংশ্লিষ্ট প্রযোজকদের নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। সবশেষে সকলকের দৃষ্টি আকর্ষণ করে বলেন দর্শক চাহিদা এবং ভালো ও মানসম্মত অনুষ্ঠান উপহার দেয়ার প্রতি গুরুত্বারোপ করেন। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৩/২৩

নূর আনোয়ার হোসেন
জেনারেল ম্যানেজার (চ: দা:)

বিতরণ:
০১। শাখা প্রধান............................(সকল), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।
০২। উপস্থিত স্টেকহোল্ডারবৃন্দ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য
০১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

বাংলাদেশ টেলিভিশন

চট্টগ্রাম কেন্দ্র।

বিষয়ঃ সুশাসন প্রতিষ্ঠান নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা

| | | |
|---|---|---|
| তারিখ | : | ৩০.০৩.২০২৩ |
| স্থান | : | সভাকক্ষ |
| সময় | : | দুপুর ২.০০টা |
| সভাপতি | : | জনাব নূর আনোয়ার হোসেন, জেনারেল ম্যানেজার (চ: দা:), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য |

## সভায় উপস্থিতির স্বাক্ষর শীট

| ক্রঃ নং | নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | | |
| ০১. | প্রাপন্তি চক্রবর্তী (ইংরেজি খবর পাঠিকা) | প্রাপন্তি চক্রবর্তী |
| ০২. | জুবাইদা সুলতানা আরজু (কণ্ঠস্বর ও সংবাদপাঠিকা) | [signature] |
| ০৩. | মো: নুরুল ইসলাম খন্দকার প্রযোজক (ভার) | [signature] ৩০/৩/২৩ |
| ০৪. | Khaled Md. Tanvir | [signature] 30/3/23 |
| ০৫. | M. A. Fowz Br. M/[illegible] | [signature] |
| ০৬. | IQBALUR RAHMAN Chittagong Multi Channel LTD (CMCL) | [signature] |
| ০৭. | MD Latifur Rahman CCL | [signature] |
| ০৮. | কামরুল হাসান বাদল সুপ্রভাত বাংলাদেশ, প্রেস ক্লাব [illegible] | [signature] |
| ০৯ | সাইফুল আলম বাবু সাধারণ সম্পাদক [illegible] | [signature] |
| ১০. | মাসুদ বকুল প্রতিনিধি, [illegible] চট্টগ্রাম | Bakul |
| ১১. | [illegible] শিল্পী [illegible] / [illegible] শিল্পী [illegible] | [signature] |
| ১২. | স্বরূপ মজুমদার (ইংরেজী সংবাদ পাঠক) | Swarup |
| ১৩. | শেখ শাহীনুল [illegible] নির্বাহী সদস্য [illegible] | [signature] |

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১৪. | শুভ্রা সেন গুপ্ত<br>নৃত্য শিল্পী (নৃত্যশিল্পী সংস্থা) সভাপতি | শুভ্রা সেনগুপ্ত |
| ১৫. | সানু রেজা<br>মুখ্য চিত্রগ্রাহক (অনুষ্ঠান/বার্তা) | [signature] ৩০/০৩/২০২৬ |
| ১৬. | সুব্রত কুমার দাস<br>ইঞ্জিনিয়ারিং ম্যানেজার | [signature] ৩০/৩/২৬ |
| ১৭. | রোমানা আরমীন<br>কন্ট্রোলার / প্রোগ্রাম ম্যানেজার | [signature] ৩০০৩২৬ |
| ১৮. | জয়দেব বিশ্বাস<br>শিল্প নির্দেশক | [signature] ৩০/০৩/২৬ |
| ১৯. | আক্তারুজ্জামান<br>সহকারী পরিচালক (অর্থ) | [signature] ৩০/০৩/২০২৬ |
| ২০. | মোঃ রবিউল হোসেন<br>ভিডিও সম্পাদক (গ্রেড-২) | [signature] ৩০.০৩.২৬ |
| ২১. | মোহাম্মদ সাইফুল ইসলাম<br>বিক্রয় আধিকারিক (গ্রেড-১) | [signature] ৩০/০৩/২০২৬ |
| ২২. | আব্দুর রাজ্জাক তরফদার<br>অধিবেশন নিয়ন্ত্রক | Razzak ৩০/০৩/২৬ |
| ২৩. | মুহাম্মদ বাবুল মিয়া<br>বিজ্ঞাপন নির্বাহী | [signature] ৩০/০৩/২০২৬ |
| ২৪. | ড. বিদ্যুৎ বড়ুয়া<br>প্রধান উপস্থাপক, '[illegible]' | Biddut |
| ২৫. | মো: সাদিকুল ইসলাম<br>সহকারী পরিচালক (প্রশাসন) | [signature] ৩০/০৩/২৬ |
| ২৬. | [illegible] | [signature] |
| ২৭. | কাজী মাহফুজুল হক<br>সংবাদ পাঠক | [signature] |
| ২৮. | জুয়েল [illegible]<br>T.V. tech. | [signature] |
| ২৯. | রুবেল মীর | রুবেল মীর |
| ৩০. | মোঃ ইব্রাহিম খলিল (সাবু) | [signature] |

| ক্রঃ নং | নাম ও পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- |
| ৩১. | মো: রহিম উল্লাহ<br>লাইসেন্স পরিদর্শক | ৩০.০৩.২৩ |
| ৩২. | মো: গোলাম মোর্শেদ সরকার<br>কোর্ট ক্লার্ক | ৩০/০৩/২০২৩ |
| ৩৩ | মো: শাহ আলম<br>অফিস সহায়ক | 30/03/23 |
| ৩৪ | শুভেন্দু বর্মন<br>অফিস সহকারী | Kruel<br>30.3.2023 |
| ৩৫ | | |
| ৩৬ | | |
| ৩৯. | | |
| ৪০. | | |
| ৪১. | | |
| ৪২. | | |
| ৪৩. | | |
| ৪৪. | | |
| ৪৫. | | |
| ৪৬. | | |